



## দায়িত্ব, কর্ম ও বিন্যাস

□ দীপালোক ভট্টাচার্য

আমাদের দৈনন্দিন জীবনে সবাই কিছু না কিছু কাজ করি। কেউ কাজ করি সংসার চালানোর দায়ে, কেউ বা কাজ করি সমাজের স্বার্থে, কেউ ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত ভাবে কাজ করতে হয়। পেট চালানোর দায়ে, সংসার চালানোর দায়ে কাজ করা লোকের সংখ্যা বেশি। সংসার চালানোর দায়ে কাজের লোকের সংখ্যা বেশি কারণ নিজ সংসার যদি ঠিকঠাক না চলে তবে সমাজের জন্য কিছু করার মানসিকতা মনে আসে না।

তবুও সমাজের জন্য কিছু করার দায়বদ্ধতা প্রত্যেকের থাকা দরকার। আর্থিক লোভে না থেকে নিঃস্বার্থ ভাবে কাজ করা দরকার। কিন্তু আমাদের সমাজ ব্যবস্থা অর্থের টানে ভরপুর। নিঃস্বার্থ ভাবে কাজ লোকের সংখ্যা কম। স্বামীজি বলতেন – “জেনোছ যখন একটা দাগ রেখে যাও”।

প্রত্যেক মানুষের কাজ করার কায়দা ভিন্ন এবং বৈচিত্র্যতা থাকা দরকার। প্রত্যেকের একটা আভ্যন্তরীণ শক্তি আছে। আমাদের প্রত্যেকের নিজ আভ্যন্তরীণ শক্তি নিজেকে বের করে আনতে হবে।

তাহলে দেশ এবং দেশের জন্য কাজ করা যাবে। সমাজের জন্য কিছু করার মানসিকতা গড়তে হবে ফলস্বরূপ দেশের উন্নতি সাধন হবে।

পাঠক মহলের উদ্দেশ্যে বলতে চাই –

কাজ করো হে দেশবাসী–

নিঃস্বার্থ ভাবে।

পেটের দায়ে কাজ করলে অনেক,

কাজ করো দেশের দায়ে।

দেশ ও দেশের দায়ে করো কিছু –

মানুষ মনে রাখবে অন্তরালে।

জগতে যখন এসেছো সমাজে কিছু দিয়ে যাও।